

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/সি-০৩/২০১১/১২০৬


তারিখঃ ২৯ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ  
১৪ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ সিভিল পিটিশন নং-১৪৫৪/১৮(রিট ১২২২৫/১৩ হতে উদ্ধৃত) এর ২১/০১/১৯ তারিখের রায়ের প্রেক্ষিতে রিভিউ মামলা  
দায়ের।

- সূত্রঃ (১) স্বাস্থ্য সেবা বিভাগের আইন অধিশাখার স্মারক নং-স্বাপকম/আইন অধিশাখা/রিট-৩৬/২০১৪/১৭৩, তারিখঃ ০১/০৭/২০১৯খ্রিঃ  
(২) স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-১ অধিশাখার স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/সি-০৩/২০১১/৯৯৫,  
তারিখঃ ০৯/০৭/২০১৯ খ্রিঃ  
(৩) স্বাস্থ্য সেবা বিভাগের আইন অধিশাখার স্মারক নং-স্বাপকম/আইন অধিশাখা/রিট-৩৬/২০১৪/৩৪৯, তারিখঃ ১৭/১২/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরধীন জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকার ৩য় ও ৪র্থ শ্রেণির জনবল নিয়োগের বিষয়ে বিজ্ঞ আদালতে দায়েরকৃত রিট ১২২২৫/১৩ নং মামলার বিরুদ্ধে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক দায়েরকৃত আপিল মামলাটি (নং-১৪৫৪/১৮) মহামান্য সুপ্রীম কোর্ট খারিজ করে দেয়ায় খারিজাদেশের বিরুদ্ধে উপযুক্ত কারণ দর্শিয়ে রিভিউ মামলা দায়ের করার লক্ষ্যে সিভিল আপিল মামলার রায়ের বিরুদ্ধে রিভিউ মামলা দায়েরের প্রয়োজন আছে কিনা তা ০৩ কর্ম দিবসের মধ্যে এ বিভাগের আইন অধিশাখাকে জানানোর জন্য এবং প্রয়োজন থাকলে এ বিভাগের আইন অনুবিভাগকে জরুরি ভিত্তিতে রিভিউ মামলা দায়েরের কারণ (যে কারণে রিভিউ মামলা দায়ের করা প্রয়োজন তা আইন অনুবিভাগকে জানিয়ে) অবহিত করার জন্য ২নং সূত্রোক্ত স্মারকে স্বাস্থ্য অধিদপ্তর এবং জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালকে অনুরোধ জানানো হয়। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের আইন অধিশাখাকে অবহিত করা হয়নি।

২। এমতাবস্থায়, ২নং সূত্রোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক জরুরি ভিত্তিতে এ বিভাগের আইন অধিশাখায় প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ জানানো হল। সেই সঙ্গে অনুলিপি দিয়ে বিষয়টি সম্পর্কে প্রশাসন অধিশাখাকে অবহিত করার জন্যও অনুরোধ করা হল।

  
(শাহিনা খান)  
যুগ্মসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
[admin1@hsd.gov.bd](mailto:admin1@hsd.gov.bd)

বিতরণ:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা

অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব(আইন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।